

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০৪২.০২৬.০২.০০.১৪৭.১৩.৮৫৬

তারিখ : ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬


বিষয় : প্রশাসক, জেলা পরিষদ, ঝিনাইদহ-এর জন্য গাড়ি ক্রয়ের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : স্মারক নম্বর : ৪৬.৪০.৪৪০০.০০০.০০১.২৬.০৪২.১৩-৯১; তারিখ : ২৮/০৪/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলা পরিষদের মালিকানাধীন জিপ গাড়ি (ঝিনাইদহ ঘ-১১-০০২৭)-টি জেলা পরিষদের তৎকালীন চেয়ারম্যান-এর জন্য ২০১৪ সালে ক্রয় করা হয়েছিল। দীর্ঘদিন ব্যবহারের ফলে জিপ গাড়িটি অকেজো হয়ে পড়লে জেলা যানবাহন অকেজো ঘোষণা উপকমিটির সভার সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের অকেজো যানবাহন অকেজো ঘোষণা সংক্রান্ত কমিটি কর্তৃক গাড়িটি চূড়ান্ত অকেজো ঘোষণা করা হয়। পরবর্তীতে গাড়িটি নিলামে বিক্রয় করা হয় এবং বিক্রীত অর্থ জেলা পরিষদের হিসেবে জমা করা হয়েছে।

২। এমতাবস্থায়, পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ যথাযথভাবে অনুসরণের শর্তে ঝিনাইদহ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৬৭,৬০,০০০/- (এক কোটি সাতষট্টি লক্ষ ষাট হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ (এক)-টি নতুন জিপ গাড়ি (Mitsubishi Pajero Sport QX) প্রতিস্থাপনের লক্ষ্যে ক্রয়ের সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ইমেইল : lgzp@lgd.gov.bd


সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর : ৪৬.০৪২.০২৬.০২.০০.১৪৭.১৩.৮৫৬

তারিখ : ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. প্রশাসক, জেলা পরিষদ, ঝিনাইদহ;
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ;
৫. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা;
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব